

আমরা নূতন প্রাণের চর হা হা ।  
 আমরা থাকি পথে ঘাটে, নাই আমাদের ঘর হা হা ॥  
 নিয়ে পঙ্ক পাতার পুঁজি পালাবে শীত, ভাবছ বুঝি গো ?  
 ও-সব কেড়ে নেব, উড়িয়ে দেব দখিন হাওয়ার 'পর হা হা ॥  
 তোমায় বাঁধব নূতন ফুলের মালায়  
 বসন্তের এই বন্দীশালায় ।  
 জীর্ণ জরার ছদ্মরূপে এড়িয়ে যাবে চুপে চুপে ?  
 তোমার সকল ভূষণ ঢাকা আছে, নাই যে অগোচর গো ॥

---

Parjaay: Prakriti / Sheet, Taal: Dadra, Raag: Paraj-Basanta  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail